দিঘলিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
তারিখ : ২৮ ডিসেম্বর ২০২২, বুধবার
সময় : বেলা ১২: ৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	বিগত ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।	নভেম্বর ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত।	উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।
০২.	স্থায়ী কমিটি সমূহের সভা	উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে।	স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয়
০৩	উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত	উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: নভেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় । সর্বমোট আয়- ১২,৮৯,২৪০/- মোট ব্যয়- ৬,৪৪,৬৫৯/-	উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী।
০৪	উপজেলা পল্লী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।	সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, সুফলভোগীদরে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পূঁজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পূঁজি গঠনের পরমিাণ ১২৭.৬৩ লক্ষ। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২২-২০২৩ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪০১.৯৯ লক্ষ টাকা প্রায় যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা যার কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যান্য প্রকল্প ও কর্মসূচীর মোট ৭২.২২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরের ৫ মাসে ৭০.৯০ লক্ষ আদায় করা হয়েছে। চলতি ঋণ	সভায় বিস্তারিত আলোচনান্তে সুফলভোগীদরে প্রশক্ষিণউত্তর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পূঁজি গঠন ও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাতে সংশ্লিষ্টদের	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া।

		এবং বিআরডিবির অন্যান্য প্রকল্প ও কর্মসূচীর মোট ৭২.২২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরের ৫ মাসে ৭০.৯০ লক্ষ আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদ উত্তীর্ন খেলাপী ঋণ আদায়ে ইউএনও মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।	ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাতে সংশ্লিষ্টদের সহযোগীতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৫	উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি	সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি কর্তৃক বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প ১২ টি আবাসন নির্মাণ কাজ চলমান রয়েছে। এর মধ্যে ৬টির নির্মাণকাজ পুরোপুরি সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ঘরের কাজ দ্রুত শেষ করার জন্য ঠিকাদারকে চুড়ান্ত তাগাদা প্রদান করা হয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে ৬ টি ঘর হস্তান্তর করাসহ অবশিষ্ট ঘরের নির্মাণ কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার ও ডেপুটি কমান্ড এবং প্রকল্প বাস্তবায়ন অফিসার দিঘলিয়া, খুলনা।
০৬	উপজেলা সমাজকল্যান কমিটি	সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতাভোগী মৃত্যুবরণ করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপ্রেক্ষিতে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে পত্র দেয়া হয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে মৃত ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া খুলনা।
০৭	উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি।	সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, চলতি মাসে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ-২০২২ যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়। এবছর ৫ জন শ্রেষ্ঠ জয়িতাকে সম্মাননা প্রদান করা হয়। অত্র দপ্তরের ভিডব্লিউবি ২০২১-২২ চক্রের খাদ্যশস্য বিতরণ সুষ্ঠভাবে করা হচ্ছে এবং নিয়মিত সঞ্চয় জমা হচ্ছে। ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্রের যাচাই বাছাই চলমান আছে। নভেম্বর/২০২২ সালে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম,এর আওতায় ২০ জনের নিকট হতে ৪৩,৫০০/- (তেতাল্লিশ হাজার পাঁচ শত) টাকা ক্ষুদ্রঋণ আদায় করা হয়েছে। আইজিএ প্রকল্পের ১৮ তম ব্যাচের প্রশিক্ষণ চলমান আছে। এছাড়া কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচী (ভিডব্লিউবি) এর আওতায় ২০২২-২৩ চক্রের তালিকা চুড়ান্ত অনুমোদন হয়েছে। একই সাথে ভিডব্লিউবি বিগত চক্রের সঞ্চয় ফেরত কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। তিনি বলেন দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় মা ও শিশু সহায়তার উপজেলা পর্যায়ের অবহিতকরণ সভা সম্পন্ন হয়েছে। তিনি বলেন মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম'এর আওতায় ডিসেম্বর/২২ মাসে ১৭,৩২৫/- টাকা ক্ষুদ্রঋণ আদায় করা হয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে ক্ষুদ্রঋণ আদায় শতভাগ করাসহ ভিডব্লিউবি ২০২৩-৩২৪ চক্রের যাচাই বাছাই স্বচ্ছতার সাথে করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া খুলনা।
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি।	সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী পহেলা জানুয়ারী/২০২৩ সালের বই বিতারণ অনুষ্ঠান উদযাপিত হতে যাচ্ছে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কুল সংলগ্ন যে সকল মুক্তিযোদ্ধাদের বসবাস তাদের উপস্থিতিতে বই বিতরণ করার প্রস্তাব গ্রহণ করেন। তবে বই বিতরণ অনুষ্ঠানের প্রত্যেকটি স্কুলের সময় নির্ধারণ করে দেওয়ার প্রস্তাব করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে পহেলা জানুযারী/২০২৩ সালের বই বিতরণ মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে বই করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া।
৯	উপজেলা জনস্বাস্থ্য কমিটি	সভায় উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে, বর্তমান ২০২২-২৩ অর্থবছরে PSWSC প্রকল্পের আওতায় ১৫৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। মাননীয় সংসদ সদস্য, খুলনা-৩ ও ৪ মহোদয় এবং স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দের নিকট উক্ত বরাদ্দের অনুকুলে স্থান তালিকা প্রেরনের জন্য অনুরোধ করা হয়। এখনও কতিপয় ইউনিয়নের স্থান তালিকা পাওয়া	সভায় বিস্তরিত আলোচনান্তে নিতিমালা অনুযায়ী প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক যথযথ নিয়ম অনুযায়ী	উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিসার, দিঘলিয়া, খুলনা।

		যায়নি। প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক কাজ শুরু করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহিন ও গৃহহীন (আশ্রয়ন প্রকল্পে)পরিবারের জন্য ১৪ টি গভীর নলকূপ স্থাপনকাজ চলমান আছে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ে ০৮ টি Wash Block নির্মাণ (৩ টির কাজ চলমান এবং ৫টির শুধুমাত্র মটিপরীক্ষা করা করা হয়েছে), ০৯ টি TSP ০২টি STW স্থাপন কাজ চলমান আছে।	গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।	
১০	বিবিধি আলোচনা। উপজেলা মৎস্য দপ্তর	সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, SCMFP প্রকল্পের আওতায় গঠিত ১২ টি ক্লাষ্টারের মধ্যে ০৫ টি ক্লাষ্টারে কিছু সদস্য পরিবর্তন হয়েছে। সংশ্লিষ্ট ক্লাষ্টার সমূহের কমিটির সভার রেজুলেশন ও সভাপতির আবেদনের প্রেক্ষিতে দিঘলিয়া চিংড়ি চাষ ক্লাষ্টার-২ এ ০৩ (তিন) জন, দিঘলিয়া-৩ এ ০৫ (পাঁচ) জনি আড়ংঘাটা ক্লাষ্টারে ০৩ (তিন) জন, যোগীপোল-২ এ ০৫ (পাঁচ) জন ও পানিগাতী-১ এ ০২ (দুই) জন, চাষি পরিবর্তন করা হয়েছ। চাষির লীজ মেয়াদ শেষ ও কিছু সদস্যের অনাগ্রহের কারণে ক্লাষ্টারসমূহ পুনঃ গঠনের লক্ষ্যে আবেদনের প্রেক্ষিতে এ পরিবর্তন করা হয়েছে। তিনি আরো বলেন আগামী ০৪ জানুয়ারী হতে উপকূলীয় অবৈধ জাল নির্মূলে বিশেষ কম্বিং অপারেশন ২০২৩ শুরু হবে যা ০৪ টি ধাপে ২৫ ফেব্রুয়ারি সমাপ্ত হবে।	সভায় বিস্তরিত আলোচনান্তে ক্লাষ্টার প্রজেক্টটির কাজ দুত শেষ করাসহ অবৈধ জাল নির্মূলে বিশেষ কম্ভিং অপারেশন সঠিকভাবে সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা
১১	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর	সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসাসহ অন্যান্য সেবা পৌছেঁ দেওয়ার জন্য সরকার কর্তৃক উপজেলা পর্যায়ে একটি মোবাইল ভেটেরিনারি ক্লিনিক গাড়ীটি রাখার জন্য মাসিক সভায় গ্যারেজ করার জন্য বাজেট প্রণয়ন করায় উপস্থিত সন্মানিত সকল পর্যায়ে কর্মকর্তাসহ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন শীতকালে মশা-মাছি গবাদি পশু, ও হাঁস-মুরগীর সংক্রমক রোগের প্রাদুর্ভাব অনেক বেড়ে যায়। বিশেষ করে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজ বেশ আক্রান্ত হয়। তাই এমতাবস্থায় ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রয়োগ করা ও খামারগুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার একান্ত প্রয়োজন। তিনি আরো বলেন সকল ইউনিয়নে ক্যাম্পেইন করে যদি জীবাণূনাশ ঔষধ ও ভ্যাকসিন ব্যবহার করা যেতো তাহলে অনেক খামারী ও কৃষকগণ বেশ উপকার পেতো। তাই প্রাণিসম্পদ উন্নয়নের জন্য উপজেলা পরিষদ/ উপজেলা উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদান করা হলে তা বাস্তবায়ন করা সম্ভব হবে বলে জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কর্ম পরিচালনাসহ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা
১২	উপজেলা যুব উন্নয়ন দপ্তর	সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব খাতের ০৭ টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে। বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ২১০জন, নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে, এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের ০১ ব্যচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে, বাজেট অনুযায়ী ০১ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্তমান মাস পর্যন্ত ৯,৮০,০০০/- টাকার চেক যুব ও যুব মহিলা সদস্যদের বিতরণ করা হয়েছে। চলতি মাসের ঋণ আদায় শত ভাগ অর্জন করা সম্ভব হয়নি। তবে ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে।	বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কাজ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলান
১৩	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব	প্রস্তাব-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে প্রকল্প কমিটির কাজ চলমান রয়েছে এবং উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পগুলির প্রকল্প কমিটির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট (এডিপি ও ইউ ডি এফ) প্রকল্পগুলি প্যাকেজ ভিত্তিক টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে।	সিদ্ধান্ত-১ -বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলো দুত বাস্তবায়নের স্বার্থে এলজিইডি এর খুলনা অঞ্চলের তালিকাভূক্ত হালনাগাদ নবায়নকৃত ঠিকাদারের অংশগ্রহণ	উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা

	প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রনয়ন ও মৌলিক অব কাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলার সড়ক, কালর্ভাট ও ড্রেন নির্মাণের জন্য স্কীমের প্রাক্কলন প্রেরণের জন্য প্রস্তাব পাওয়া যায়। সে মোতাবেক সরেজমিনে পরিদর্শন পূর্বক নিম্নবর্ণিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা নিম্নরুপঃ- (ক) সড়কের নামঃ হাজীগ্রাম পুলার হাট বাজার পার হাজীগ্রাম আতাই নদী সরদার ঘাট রাস্তা হয়ে মধ্যপাড়া বায়তুস সামাদ জামে মসজিদ সড়ক (হাজীগ্রাম পুলার বাজার শুরু করে আজিজুল সরদার বাড়ী) উন্নয়ন (চেইনেজ ০+০০ হতে ০+৮৬২ কিলোমিটার পর্যন্ত। প্রাক্কলিত মূল্য= ৭৫,৭৩,৭৯৬/- (খ) কালর্ভাটঃ (১)সেনহাটি ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের আকবর গাজীর বাড়ি থেকে শাহাবুদ্দিন বাবুর বাড়ি পর্যন্ত বক্স কালভার্‌ট নির্মাণ (২) দিঘলিয়া ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের শাহিদুলের ঘের এর পাশে বক্স-কালভার্ট নির্মাণ (৩)সেনহাটি ইউনিয়নের মল্লিকপাড়া নাসিরের বাড়ির পাশে বক্স-কালভার্ট নির্মাণ (৪)সেনহাটি ইউনিয়নের সেনহাটি বালিকা বিদ্যালয়ের পাশে বক্স-কালভার্ট নির্মাণ(৫)দিঘলিয়া ইউনিয়নের পথের বাজার ইসা শেখের বাড়ির পাশে বক্স-কালভার্ট নির্মাণ(৬)দিঘলিয়া ইউনিয়নের ব্রহ্মগাতি আইফ শেখ বাড়ির সামনে এবং মঞ্জুর শেখের বাড়ির পাশে বক্স-কালভার্ট নির্মাণ(৭)গাজীরহাট ইউনিয়নের কোলাবাজারের কামারের গলির সামনে বক্স-কালভার্ট নির্মাণ(৮)গাজীরহাট ইউনিয়নের মোল্লাডাংগা কাগমা বড় খালের পাশে বক্স-কালভার্ট নির্মাণ(৯)গাজীরহাট ইউনিয়নের মোল্লাডাংগা ঈদগাহ কর্ণারে বক্স-কালভার্ট নির্মাণ(১০)বারাকপুর ইউনিয়নের নন্দনপ্রতাপ দুলু মল্লিকের বাড়ির পাশে বক্স-কালভার্ট নির্মাণ(১১)দিঘলিয়া ইউনিয়নের দেয়াড়া সাদিক স্টল এর সামনে বক্স-কালভার্ট নির্মাণ(১২)দিঘলিয়া ইউনিয়নের ব্রহ্মগাতি মাদ্রাসা মোড় নবীর বাড়ির সামনে বক্স-কালভার্ট নির্মাণ(১৩)গাজীরহাট ইউনিয়নের মহিষদিয়া পাচু শেখের বাড়ির পাশে বক্স-কালভার্ট নির্মাণ(১৪)দিঘলিয়া ইউনিয়নের কোবা মসজিদের পাশে বক্স-কালভার্ট নির্মাণ(১৫)দিঘলিয়া ইউনিয়নের ফারুকের বাড়ির সামনে থেকে সুগন্ধি মুন্সি বাড়ির দিকে বক্স-কালভার্ট নির্মাণ(১৬)দিঘলিয়া ইউনিয়নের টিপু স্টলের সামনে বক্স-কালভার্ট নির্মাণ(১৭)দিঘলিয়া ইউনিয়নের মহেশ্বরপুর মালেক শেখের বাড়ি-ওয়াহিদ সাহেবের ঘের সড়ক,ইসমাইল হোসেনের জমি এবং সামাদ শেখের বাড়ি অভিমুখে বক্স-কালভার্‌ট নির্মাণ(১৮)দিঘলিয়া ইউনিয়নের গুচ্ছগ্রামের ইসলাম মোড়লের জমির পূর্বপাশে বক্স-কালভার্ট নির্মাণ(১৯)যোগীপোল ইউনিয়নের তেলিগাতি পাকার মাথা রবিউল শেখের বাড়ির সামনে বক্স-কালভার্ট নির্মাণ(২০)বারাকপুর ইউনিয়নের গুচ্ছগ্রাম মহন্ত বাড়ি ছোট বুড়ি বাড়ির দিকে বক্স-কালভার্ট নির্মাণ(২১)সেনহাটি ইউনিয়নের চন্দনীমহল লামিয়া এবং ফকির বাড়ির নিকট বক্স-কালভার্ট নির্মাণ(২২)দিঘলিয়া ইউনিয়নের লোকমান সরদারের জমি থেকে নাক্কাটি খালের দিকে বক্স-কালভার্ট নির্মাণ(২৩)বারাকপুর ইউনিয়নের সামসুর মোল্লার বাড়ির সামনে বক্স-কালভার্ট নির্মাণ। প্রাক্কলিত মূল্য=৪৯,৯২,১৪০/- (গ) ড্রেনঃ (১) বারাকপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডে ওসমান মিনার বাড়ি হতে মোহাম্মদ মিনার বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ প্রাক্কলিত মূল্য = ৪,৯১,৩২৩.১৩ (২) সেনহাটি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের বায়তুন নূর জামে মসজিদের দক্ষিণ পাশ্ব দিয়ে শওকত শেখের বাড়ি অভিমুখে পাকা ড্রেণ নির্মাণ প্রক্কলিত মূল্য=৪,৪৭,০৬৩.৯৫। (৩) সেনহাটি ইউনিয়নের ২ নং	নিশ্চিত পূর্বক e-GP এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত-২- বিস্তারিত আলোচনান্তে গাছের প্রাক্কলনটি নিলামের অনুমোদনের জন্য জেলা প্রশাসক, মহোদয় বরাবর প্রেরণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত-৫ - সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রস্তাবগুলো অনুমোদনের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	

ওয়ার্ডে ইব্রহিম শেখের বাড়ি হতে হানিফ শেখের বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ প্রাক্কলিত ব্যয়=৬,১০,৮১৭.৫১। (৪) সেনহাটি ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের আশীবাদ স্কুল হতে বিদ্যুৎ অফিস অভিমুখে ড্রেন নির্মাণ প্রাক্কলিত ব্যয় =৪,৪৫,০৫২.৪৮। (৫) দিঘলিয়া ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের জাকারিয়া খানের বাড়ি হতে মানদার খানের বাড়ি পর্যন্ত ড্রেণ নির্মাণ প্রাক্কলিত মূল্য=৫,১৪,১৭৩.৫০। (৬) দিঘলিয়া ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের করিম শেখের বাড়ি হতে সূতীরকূল কালর্ভাট পর্যন্ত ড্রেন নির্মাণ প্রাক্কলিত মূল্য =৯,৭৬,৯০৯.৩৬ (৭)সেনহাটি ইউনিয়নের ২ নং ওয়ার্ডের হিরু মোল্লার বাড়ি হতে মুরদ শেখের বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ প্রাক্কলিত মূল্য=৭,০৭,৮৬৮.১২।

সর্বমোট= ৪১,৯৩,২০৮/-

প্রস্তাব-৩- উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আগষ্ট/২০২২ মাসের ২৩ নং ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক উপজেলা বন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা কর্তৃক উপজেলা শিক্ষা অফিস সম্প্রসারণ স্থানে ৫টি মেহগুনি, ও ১টি রেন্ট্রি জীবিত গাছের মূল্য নির্ধারণ পূর্বক ৪৯,৫৭৮/= (উনপঞ্চাশ হাজার পাচ শত আটাত্তর) টাকার ১টি প্রাক্কলন দাখিল করেছেন। এমতাবস্থায় উক্ত জীবিত গাছ নিলামে বিক্রয়ের জন্য জেলা প্রশাসক, খুলনা মহোদয় এর মাধ্যমে অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত-৩ - সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রস্তাবগুলো অনুমোদনের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়

প্রস্তাব-৪- কাজের নামঃ বিগত সেপ্টেম্বর/২২ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের হলরুম ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের চেয়ার ক্রয় প্রকল্পের প্রকল্পকমিটি নিম্মরুপ: প্রাক্কলিত ব্যয় টাকা=২,০০,০০০/-

ক্র: নং	নাম	ঠিকানা	পরিচয়	কমিটির পদবী
১	মোঃ আজিজুর রহমান	পানিগাতি	ইউপি সদস্য	প্রকল্প সভাপতি
২	মোঃ আজম মোড়ল	পানিগাতি	সমাজ সেবক	সেক্রেটারী
৩	মোঃ মিজানুর রহমান	দিঘলিয়া	সমাজসেবক	সদস্য
৪	মোঃ হাছান আলী	দিঘলিয়া	সমাজসেবক	সদস্য
৫	মোঃ শরিফুল ইসলাম	দিঘলিয়া	ব্যবসায়ী	সদস্য
৬	মোঃ রনি	দিঘলিয়া	সমাজ সেবক	সদস্য
৭	মোসাঃ আফসানা	দিঘলিয়া	শিক্ষক	সদস্য

সিদ্ধান্ত-৪-বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটির প্রাক্কলন ও প্রকল্পকমিটি অনুমোদনসহ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব নং

৫- সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ১৩ ডিসেম্বর ২০২২ খ্রি: তারিখের ৮২৮ নং স্মারকমূলে চলতি ২০২২-২৩ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের লক্ষ্যে ৩৬৯.০০ লক্ষ (তিন কোটি উনসত্তর লক্ষ) টাকা ছাড়ের মঞ্জুরি প্রদান করা হয় তার মধ্যে দিঘলিয়া উপজেলা ৫ (পাঁচ) টি ভবন মেরামতের জন্য প্রতিটির অনুকূলে ৫,০০(পাঁচ লক্ষ) টাকা করে সর্বমোট=২৫,০০ (পচিঁশ লক্ষ টাকা) বরাদ্দ পাওয়া গেছে । উক্ত ভবন মেরামতের জন্য প্রাক্কলিত চাহিদকৃত টাকার তুলনায় কম বরাদ্দ পাওয়া যায়। তৎপেক্ষিতে অনুমোদিত টাকার মধ্যে চাহিদার গুরুত্ব বিচারের প্রস্তবিত প্রাক্কলনকে ৫,০০ লক্ষের মধ্যে সমন্বয় করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদন ও দরপত্র আহবানের বিষয় বিস্তারিত আলোচান করার প্রয়োজন।

সিদ্ধান্ত-৫-সবায় বিস্তরিত আলোচনান্তে সমন্বয়কৃত প্রাক্কলন অনুমোদনসহ ৩টি প্যাকেজে NOTM পদ্ধতি অবলম্বন করে দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪	চেয়ারম্যান দিঘলিয়া ইউপি	সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, রেশন কার্ড এর যে তালিকা পাওয়া গিয়েছে। তাদের অনলাইন করার জন্য খোজ খবর নিয়ে পাওয়া যাচ্ছে না। এমনকি তাদের আবেদন ফরমে তাদের দেওয়া মোবাইল নম্বরে ফোন দিয়ে বন্ধ পাওয়া যাচ্ছে। তিনি আরো বলেন যে সমস্ত রেশন কার্ড প্রাপ্ত ব্যক্তিরা মারা গিয়েছে তাদের রেশন কার্ডের চাউল ঐ সমস্ত পরিবারের মধ্যে দেওয়া জন্য সভায় অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে রেশন কার্ড এর অনলাইন ফরম পূরণ করার জন্য যাদেরকে পাওয়া যাচ্ছে না তাদের পরিবর্তে নতুন করে রেশন কার্ড পাওয়ার উপর্যুক্ত ব্যক্তি নির্বাচন করে তাদেরকে অনলাইন ফরম পূরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য অফিসার, দিঘলিয়া, খুলনা
১৫	উপজেলা নির্বাহী অফিসার	সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা বন বিভাগের নার্সারীতে বড় হয়ে যাওয়া গাছের চারা গুলো অন্যাত্র সরিয়ে নেওয়া দরকার। এছাড়া উপজেলা পরিষদের কেন্দ্রীয় শহীদমিনারটি টাইলস করণ করা প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে নারসারির মেহগুনি গাছগুলো দ্রুত অন্যত্র স্থানান্তেরর এবং শহীদ মিনার টাইলস করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী ও উপজেলা বন কর্মকর্তা দিঘলিয়া, খুলনা
১৬	চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।	সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, নগরঘাট হতে দিঘলিয়া ইউনিয়ন পরিষদ পর্যন্ত রাস্তার দুই পাশে অবস্থিত গাছের প্রাক্কলন পাওয়া গিয়াছে। তা জেলায় প্রেরণের জন্য সভায় বলেন। তিনি আরো বলেন পথের বাজার হতে গুচ্ছগ্রাম পর্যন্ত রাস্তার দুই পাশ্বের গাছগুলি সমিতির মাধ্যমে রোপন করা হয়ে ছিল সে গাছগুলো বিক্রয়ের জন্য উপজেলা বন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত প্রাক্কলন জেলায় প্রেরণ ও পথের বাজার হতে গুচ্ছগ্রাম পর্যন্ত রাস্তার পাশ্বের গাছগুলি টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বিক্রয় করে নতুন করে গাছ রোপনে করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা ব কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।

	ব্যয়ের বিবরণ	মোট ব্যয়
	০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/- ০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/- ০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/- ০৪। চেয়ারম্যান, মহোদয়ের নভেম্বর/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/- ০৫। ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/- ০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/- ০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর নভেম্বর/২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩০০/- ০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর নভেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,৭৫০/- ০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর নভেম্বর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৭৫/- ১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নভেম্বর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/- ১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নভেম্বর/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/- ১২। মামুন শেখ, দিঘলিয়া ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ এর নামে দিঘলিয়া ইউনিয়ন পরিষদে মশক নিধন কীস্ট ও প্যাট্রোল ক্রয়ের বিল বাবদ=৯,৯১০/- ১৩। মোঃ হাফিজুর রহমান এর নামে সেপ্টেম্বর ও অক্টোবর/২২ মাসের উপজেলা পরিষদের ৪ টি মিটারের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ=৩০,৫৯১/-	/-

১৪। আলামিন, যোগীপোল ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ এর নামে যোগীপোল ইউনিয়ন পরিষদে মশক নিধন কীস্ট ও প্যাট্রোল ক্রয়ের বিল বাবদ=১০,৩০০/-
১৫। সালেহা অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া খুলনা এর নামে জাতীয় বিজয় দিবস উদযাপনে বিভিন্ন খরচের বিল বাবদ=২৪,৮৪৪/-
১৬। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর নামে জাতীয় বিজয় দিবস উদযাপনে বিভিন্ন খরচের বিল বাবদ=২৪,৮৯৬/-
১৭। মোঃ হাফিজুর রহমান এর নামে নভেম্ব/২২ মাসের উপজেলা পরিষদের ৪ টি মিটারের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ=১৪,৯১০/-
১৮। শফিউল্লাহ এন্টার প্রাইজ খান-এ সবুর রোড, খুলনা এর নামে উপজেলা পরিষদের জীপ গাড়ির খুচড়া যন্ত্রাংশ ক্রয় ও মেরামত কাজের বিল বাবদ=৯৪,৩০০/-

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১২/2022

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
তারিখ: ২৮.১২.২০২২ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-১০৫৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ....কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ...ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ....সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

২৮/১২/২০২২

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২